



যুদ্ধবিরতির মধ্যেও গাজায় ইসরাইলি হামলায় নিহত ৬



ছবি: সংগৃহীত

গাজা উপত্যকায় চলমান যুদ্ধবিরতির মধ্যেও ইসরাইলি বিমান হামলায় পাঁচ পুলিশ সদস্য ও এক কিশোরসহ ছয়জন নিহত হয়েছেন। উত্তর গাজার আত-তুয়াম এলাকায় একটি পুলিশ পোস্টে এই হামলার ঘটনা ঘটে।

স্থানীয় সূত্র জানায়, ওই এলাকায় দুটি ক্ষেপণাস্রম আঘাত হানলে পুলিশ সদস্যরা ঘটনাস্থলেই প্রাণ হারান। পাশের রাস্তায় থাকা ১৩ বছর বয়সী এক কিশোরও হামলার শিকার হয়ে নিহত হয়।

হামলায় আরও অন্তত ১০ জন গুরুতর আহত হয়েছেন। আহতদের স্থানীয় আল-শিফা হাসপাতালসহ বিভিন্ন চিকিৎসাকেন্দ্রে ভর্তি করা হয়েছে। সাম্প্রতিক ৪৮ ঘণ্টায় গাজাজুড়ে পৃথক হামলায় আরও কয়েকজনের মৃত্যু ও বহু আহত হওয়ার খবর পাওয়া গেছে।

গাজা পুলিশ বিভাগ এই হামলাকে পরিকল্পিত ও নিন্দনীয় আখ্যা দিয়ে তীব্র প্রতিবাদ জানিয়েছে। বিশ্লেষকদের মতে, যুদ্ধবিরতির মধ্যেও নিরাপত্তা বাহিনী ও প্রশাসনিক অবকাঠামোকে লক্ষ্য করে হামলা অব্যাহত থাকায় পরিস্থিতি আরও অনিশ্চিত হয়ে উঠছে।

আন্তর্জাতিক পর্যবেক্ষকরা বলছেন, গাজার আইনশৃঙ্খলা পরিস্থিতি দুর্বল হয়ে পড়ায় ত্রাণ বিতরণ ও সাধারণ মানুষের নিরাপত্তা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। প্রশাসনিক শূন্যতার সুযোগে লুটপাট ও বিশৃঙ্খলার ঝুঁকিও বাড়ছে।

২০২৩ সালের ৭ অক্টোবর থেকে শুরু হওয়া সংঘাতে এ পর্যন্ত গাজায় ৭২ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে স্থানীয় সূত্রের দাবি। যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পরও সহিংসতা অব্যাহত থাকায় মানবিক সংকট আরও গভীর হচ্ছে।